সংবাদ

তারিখ : 5 JAN 2013
পৃষ্ঠা ... কলাম ...

# চট্টগ্রামে সাউদার্ন ইউনিভার্সিটিতে ভর্তি প্রেস্টনের মাধ্যমে আমেরিকান ডিগ্রি লাভ

**ধীত কৃষ্ণ রক্ষিত, চট্টগ্রাম ব্যুরো :** বন্দরনগরী চট্টগ্রামে উচ্চ শিক্ষার দ্বার উন্মোচনের প্রতিশ্রুতি ও সঙ্কল্পের মাধ্যমে স্প্রিং সেমিস্টারে ভর্তি প্রক্রিয়া শুরুর ভেতর দিয়ে যাত্রা শুরু করছে সাউদার্ন ইউনিভার্সিটি। সরকার অনুমোদিত সদ্য প্রতিষ্ঠিত সাউদার্ন ইউনিভার্সিটি আইএমআইটি (ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড ইনফরমেশন টেকনোলজি) হিসেবেও পরিচিত। এ শিক্ষা প্রতিষ্ঠানটি চট্টগ্রাম নাসিরাবাদ হাউসিং সোসাইটিতে সুবিশাল পরিসরে অবস্থিত।

১৯৯৮ সাল থেকে আইএমআইটি চট্টগ্রামের নাসিরাবাদ হাউসিং সোসাইটি এলাকায় প্রেস্টন ইউনিভার্সিটি চট্টগ্রাম ক্যাম্পাস হিসেবে যাত্রা শুরু করে। প্রেস্টন ইউনিভার্সিটি মূলত মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াওমিং প্রদেশ এর অ্যাডুকেশন বিভাগ থেকে অনুমোদনপ্রাপ্ত একটি মাল্টিন্যাশনাল প্রাইভেট ইউনিভার্সিটি। বর্তমানে রাজধানী ঢাকাসহ দেশের অন্যান্য স্থানে গড়ে ওঠা বিভিন্ন প্রাইভেট বিশ্ববিদ্যালয় থেকে সাউদার্ন ইউনিভার্সিটি সম্পূর্ণ আলাদা। যেটি বাংলাদেশে আমেরিকান স্ট্যান্ডার্ড অ্যাডুকেশন প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। এ বিশ্ববিদ্যালয়ে যেমন দেশের প্রয়োজনীয় ক্যারিকুলাম অনুসরণ করা হচ্ছে তেমনি একই সঙ্গে আন্তর্জাতিক ক্যারিকুলাম ও গ্লোবালাইজেশনকে. সামনে রেখে ছাত্রছাত্রীদের অধ্যায়ন করানো হচ্ছে। ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মুইনউদ্দিন আহমেদ খান। এ প্রতিবেদককে জানান, এ বিশ্ববিদ্যালয়ে প্রেস্টন ইউনিভার্সিটির সঙ্গে জয়েন্ট এনরোলমেন্ট প্রোগ্রাম এ অঞ্চলের ছাত্রছাত্রীদের জন্য এক অনন্য সুযোগ সৃষ্টি করেছে। যার মাধ্যমে সাউদার্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে একজন শিক্ষার্থী প্রেস্টনের মাধ্যমে আমিরিকান ডিগ্রি অথবা সাউদার্নের মাধ্যমে বাংলাদেশী ডিগ্রি গ্রহণ করতে সক্ষম হবে।

উল্লিখিত কোর্সসমূহে স্প্রিং সেমিস্টারে ভর্তি শুরু হয়েছে। যেকোন বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক ছাত্রছাত্রীদের যোগাযোগ করার জন্য কর্তৃপক্ষ আহ্বান জানিয়েছেন।